দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 01 APR 2016 ...
পৃষ্ঠা ...২০... কলাম ... ৭ ......

# অভিযুক্তরা প্রকাশ্যে ঘুরছে বাকৃবি ক্যাম্পাসে

## সাদ হত্যার দুই বছর

**বাকৃবি সংবাদদাতা ॥** বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি)
মাৎস্যবিজ্ঞান অনুষদের শিক্ষার্থী ও ছাত্রলীগ নেতা সায়াদ ইবনে মোমতাজ
সাদের আলোচিত হত্যাকাণ্ডের দুই বছর হলেও বিচারের নেই কোন
অগ্রগতি। আসামিদের কেউ কেউ জামিনে মুক্তি নিয়ে এবং গ্রেফতারি
পরোয়ানা নিয়ে প্রায়ই ক্যাম্পাসে ঘোরাফেরা করলেও পুলিশ বলছে
পালাতক। ২০১৪ সালের ৩১ মার্চ রাতে বিশ্ববিদ্যালয়ের আশরাফুল হক
হলের ২০৫ নং কক্ষে সাদকে আটকে রেখে নির্মমভাবে নির্যাতন করে
ছাত্রলীগের নেতাকর্মীরা। কার্পেট দিয়ে মুড়িয়ে লোহার রড, লাঠি,
হকিস্টিক দিয়ে পেটানো হয় ঘণ্টার পর ঘণ্টা। পরে হাসপাতালে
চিকিৎসাধীন অবস্থায় ১লা এপ্রিল মারা যায় সাদ। ১৪ জনকে অভিযুক্ত
করে আদালতে অভিযোগপত্র জমা দেয় পুলিশ। অভিযুক্তরা হলেন- সুজয়
কুমার, রোকনুজ্জামান, সাদেকুর রহমান, রোকন, রেজাউল করিম, নাজমুল
শাহাদাত, মুনতাকা মুফরাত, অন্তর চৌধুরী, সুমন পারভেজ, মিজানুর
রহমান, ফয়সাল ইসলাম, মনোয়ারুল ইসলাম, হাসান মাহমুদ এবং প্রশান্ত
দে। এরা প্রত্যেকেই ছাত্রলীগের নেতাকর্মী ছিলেন। অভিযুক্তদের প্রথম
আটজনকে বিভিন্ন সময়ে পুলিশ গ্রেফতার করেছিল। এদের সবাই এখন
জামিনে আছেন। বাকি ছয়জনকে গ্রেফতার করতে গ্রেফতারি পরোয়ানা
জারি রয়েছে। এদের মধ্যে কয়েকজন বিশ্ববিদ্যালয়ের দেয়া বহিষ্কারের
সময় শেষ করে ক্যাম্পাসে এসেছে। আর কয়েকজন সচরাচর ক্যাম্পাসে
ঘুরফেরা করছে ও ছাত্রলীগের নেতৃত্ব দিচ্ছে। কিন্তু পুলিশ বলছে এরা
আজও পলাতক।